

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৯১

খোয়াই, ৫ অক্টোবর, ২০২৪

খোয়াইয়ে এইডস বিষয়ক সচেতনতামূলক কর্মশালা

ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে আজ খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে এইডস বিষয়ক সচেতনতামূলক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সহকারি সভাপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, জিলা পরিষদের সদস্য বর্ষা দেববর্মা (শীল), রুমা শুল্ক বৈদ্য, সোমা দেবনাথ, বিজয়তা দেববর্মা, চম্পকলতা রুদ্র পাল প্রমুখ। কর্মশালায় সহকারি সভাপতি শ্রীদাস বক্তব্য রাখতে গিয়ে বলেন, রাজ্য সরকার মানুষের কল্যাণে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে গুরুত্ব দিয়ে কাজ করছে। স্বাস্থ্য সম্পর্কে পরিবারের প্রতিটি সদস্যকে সচেতন করে তুলতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির ক্লিনিক্যাল সার্ভিস অফিসার অনিশ দাস ও ক্লাস্টার প্রোগ্রাম ম্যানেজার নন্দিতা ভট্টাচার্য এইডস কি, কিভাবে এই রোগ ছড়ায় ও রোগ প্রতিরোধ নিয়ে বিস্তারিত আলোচনা করেন।
